# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৬ | ৭ |

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[দ্রষ্টব্যঃ দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও। ]

**১.▶** বাংলাদেশে ছোট বড় অনেক নদী আছে। এগুলো শুধু মাছ ধরার কাজেই নয় বরং নদীতে বাধ দিয়ে নদীর পানি আটকে রেখে জমি চাষাবাদও করা হয়। বন্যার পানি নেমে গিয়ে যে পলি মাটি পাওয়া যায় তা দিয়ে আরো অনেক সুন্দর ফসল হয়। অবশ্য এই পদ্ধতি অনেক প্রাচীনকাল থেকেই চলে এসেছে বলেই ইতিহাস সাক্ষী।

ক. জাহেলিয়া যুগ কী? ১

খ. জাজিরাতুল আরব বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সাথে মিল পাওয়া যায় কোন সভ্যতার? আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের সাথে সামঞ্জস্যপূর্ণ সভ্যতার বিভিন্ন অবদান ব্যাখ্যা কর যা বর্তমানেও বিদ্যমান। ৪

**২.▶** দুর্নীতিতে ভরে গেছে সিয়েরালিওন। লুটতরাজা, খুন, ধর্ষণ ইত্যাদিতে শীর্ষে উঠে গেছে। হাম্মাম মিনহাজ-বিন-কাদির এ নিয়ে দুশ্চিন্তাগ্রস্ত। তিনি এর উত্তরণের উপায় খুঁজে বেড়াচ্ছেন। এমন সময় সমাজের বিভিন্ন শ্রেণি পেশার তরুণদের নিয়ে সমিতি তৈরী করলেন। তাদের প্রচেষ্টায় সমাজে কিছুট হলেও দুর্নীতি কমতে শুরু করল।

ক. বদরের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১

খ. মদিনা সনদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উক্ত উদ্দীপকের ব্যক্তির সাথে ইসলামের ইতিহাস কার মিল রয়েছে? কীভাবে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. উপর্যুক্ত ব্যক্তির সমিতি ইসলামের ইতিহাসের কীসের সাথে সাদৃশ্যপূর্ণ? কীভাবে? বিশ্লেষণ করো। ৪

**৩.▶** রাহেলা ইসলামের ইতিহাসে এমন একটি সংঘাত সম্পর্কে জানতে পারল যা ছিল মুসলমানদের জন্য অগ্নিপরীক্ষা। এ যুদ্ধে অনেক মুসলমান তাদের

http://teachingbd.com

জানমাল হারিয়ে ফেলল। স্বয়ং নেতা পর্যন্ত আহত হলো। তবে তা তাদের পরবর্তীতে সফলতার পাথেয় ছিল।

ক. 'ফাতহুম মুবিন' কাকে বলে? ১
খ. হিজরত বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের সাথে ইতিহাসে কোন ঘটনার মিল খুঁজে পাও? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের সাথে ইতিহাসের মিলপূর্বক ঘটনা এত গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ৪

৪.▶ শিমুলতলীর জনপ্রিয় জনপ্রতিনিধি তানভির আহমেদ বিচার সালিশ করেন। ন্যায়বিচার প্রতিষ্ঠায় অতি আপনজনকেও তিনি কোনো ছাড় দেননি। যার ফলে গ্রামের প্রতিটি মানুষের মাঝে ছিল শান্তি। তানভির আহমেদের জীবন-যাপন ছিল খুবই সরল। সরলতার পাশাপাশি অন্যায়ের বিরুদ্ধে তার মতো কঠোর শাসক খুঁজে পাওয়া ভার।

ক. খিলাফত কী? ১
খ. খোলাফায়ে রাশেদুন বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. তানভির আহমেদের সাথে ইতিহাসে কোন শাসকের মিল খুঁজে পাও? কীভাবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের সাথে সামঞ্জস্যপূর্ণ শাসকের ন্যায়বিচার প্রতিষ্ঠাসহ কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

৫.▶ সামারা প্রদেশের আজল-বিন-নসর কিছু দুস্কৃতিকারী কর্তৃক নিহত হন। পরবর্তী জাহের-ইবনে-কদর সেখানকার শাসক নির্বাচিত হন। কিন্তু জনগণ ছিল ক্ষিপ্ত। জাহেরও সঠিক সময়ে দুস্কৃতিকারীদের শাস্তি দেননি। এতে প্রদেশের অন্যতম প্রতিদ্বন্দ্বী রহমান কৌশলে জাহেরের বিরুদ্ধে ষড়যন্ত্র করে ক্ষমতা লুফে নেন। এতে আন্দোলন তীব্র হয়ে ওঠে।

ক. 'খারাজ' কী? ১
খ. 'জুন্নুরাইন' বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জাহের-ইবনে-কদরের সাথে ইসলামের ইতিহাসে কোন শাসকের মিল রয়েছে? বিশ্লেষণ করো। ৩
ঘ. উক্ত ঘটনার ফলে সমাজে কীরূপ প্রভাব পড়ে? ইসলামের ইতিহাসের আলোকে ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

৬.▶ মিরাজুল ইসলাম ক্ষমতায় আসার পর সরকারি অফিসে তাঁর নিজ এলাকার ভাষা প্রচলন করেন। একই ভাষার মুদ্রা চালুসহ বর্ণলিপির উন্নতি সাধন করেন।

ক. 'দুমাতুল জন্দল' কী? ১

খ. খারেজী বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মিরাজুল ইসলামের সাথে তোমার পাঠ্যপুস্তকে কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উল্লেখিত ব্যক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যক্তির গৃহীত পদক্ষেপগুলো বিশ্লেষণ করো। ৪

৭.▶ মনির উদ্দিন সহজ-সরল, অনাড়ম্বর জীবনযাপন করত। তিনি বংশ পরম্পরায় কাঁঠালতলীয় ইউনিয়নের চেয়ারম্যান। তিনি ছিলেন সৎ এবং ইসলামি আদর্শের একজন জনপ্রতিনিধি। রাষ্ট্রীয় অর্থ জনকল্যাণে ব্যয়ের পরও তিনি ব্যক্তিগত সম্পত্তিও জনকল্যাণে ব্যয় করতেন। তবে তার পূর্বপুরুষরা এমন ছিল না। অন্যায় করলে স্বজনদেরও তিনি ক্ষমা করতেন না। এক্ষেত্রে তিনি কুরআন, হাদীস এবং খোলাফায়ে রাশেদুনের নীতি অনুসরণ করতেন।

ক. উমাইয়া খিলাফতকাল কত সাল পর্যন্ত ছিল? ১

খ. উমাইয়া খিলাফতের প্রকৃত প্রতিষ্ঠাতা কে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের উল্লিখিত ব্যক্তির সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন ব্যক্তির মিল পাও? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ব্যক্তিটির সাথে সামঞ্জস্যপূর্ণ শাসকের শাসননীতি ব্যাখ্যা করো। ৪

৮.▶ সিংহপুরের জনপ্রতিনিধি আবুল ফজল মৃত্যুর সময় তার ভাই গালিবকে শাসনভার দিয়ে যান। জনগণ সেটি মেনেও নেয়। অবশ্য কিছু সন্ত্রাসী তা কিছুতেই মানতে পারেনি। তাই গালিব ক্ষমতায় এসেই বিভিন্ন বিদ্রোহের সম্মুখীন হয়। তবে তা থেকেই মুক্তিও পান। সেই বিদ্রোহ দমন করতে গিয়ে তিনি জনকল্যাণ খুব বেশি করতে পারেননি। তবে সুনাম ধরে রাখতে তিনি চেষ্টার ত্রুটি রাখেননি।

ক. 'জাবের' যুদ্ধ কত সালে হয়? ১

খ. 'আস্ সাফ্‌ফাহ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে গালিবের সাথে ইসলামের ইতিহাসে কোন শাসকের মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত শাসকের কার্যাবলি ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

৯.▶ কক্সবাজারের জেলা প্রশাসক আব্দুল্লাহ কামাল ছিলেন শাসক হিসেবে দক্ষ, জ্ঞান চর্চায়ও ছিলেন অন্যতম। শুধু নিজে নয় সবাই যেন এই জ্ঞানের আলোয় আসতে পারে সে জন্য তিনি বৃহদাকারের একটি লাইব্রেরি তৈরি করলেন। যেখানে বিভিন্ন গবেষণামূলক বই, কম্পিউটার ইত্যাদির সুব্যবস্থা করলেন।

ক. বাগদাদ নগরী কে প্রতিষ্ঠা করেন? ১

খ. নহর-ই-যুবাইদা কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আব্দুল্লাহ কামালের সাথে তোমার পঠিত বইয়ের কোন শাসকের মিল রয়েছে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. সামঞ্জস্যপূর্ণ ব্যক্তির জ্ঞান-বিজ্ঞানের প্রসারের ভূমিকা কতটুকু? ব্যাখ্যা করো। ৪

১০.▶ আসহাবুল ইসলামের ইতিহাস পড়তে গিয়ে দেখল, স্পেনে এমন একজন মুসলিম শাসক ছিলেন যাকে স্পেনের ত্রাণকর্তা ভাবা হতো। তিনিও তাঁর স্ত্রীর নামে একটি প্রাসাদ নির্মাণ করেন। যা স্থাপত্য শিল্পের অন্যতম নিদর্শন।

ক. প্রথম ক্রুসেড কত সালে সংঘটিত হয়? ১

খ. স্পেনের ভৌগোলিক অবস্থা বর্ণনা করো। ২

গ. উল্লিখিত ব্যক্তির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত ব্যক্তির স্থাপত্যশিল্প সম্পর্কে বিশ্লেষণ করো। ৪

১১.▶ আসমা মিশর গিয়ে অনেক ঐতিহাসিক নিদর্শন দেখতে পেল। পিরামিড, মমি, মসজিদ, মাদ্রাসা ইত্যাদি। সে এমন একটি মসজিদ দেখতে পেল যা আগেই তার পাঠ্যবইয়ে পড়েছিল। মসজিদটি পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে রূপ নেয় যা ইসলামের ইতিহাসের মোড়টাই পাল্টে দেয়।

ক. আজ আজিজের প্রকৃত নাম কী? ১

খ. ফাতেমীয় কারা? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সাথে তোমার পাঠ্যবইয়ের মিল রয়েছে কোন স্থাপত্যের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত স্থাপত্যের শাসকের বিভিন্ন বিজয় সম্পর্কে লেখ। ৪

Teachingbd.com

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র

বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

## বহুনির্বাচনি অভিক্ষা

সময় — ৩০ মিনিট

পূর্ণমান —৩০

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **জাহেলী যুগে গোত্রপতিকে কী বলা হতো?**
ক) শেখ　খ) গোত্রপতি
গ) অলির　ঘ) সরদার

২. **জাহেলী যুগের আরবদের প্রধান সাংস্কৃতিক উৎসব ছিল—**
ক) পৌত্তলিকতা　খ) নাচ
গ) গান　ঘ) ওকাজ মেলা

৩. **আরবের হেজাজ প্রদেশে অবস্থিত—**
i. মক্কা
ii. মদিনা
iii. তায়েফ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৪. **বিশ্বের মধ্যকেন্দ্র বলা হয় কোন দেশকে?**
ক) মক্কা　খ) মদিনা
গ) সিরিয়া　ঘ) আরব দেশ

৫. **প্রখ্যাত সম্রাট হাম্মুরাবি নামটি কোন সভ্যতার সাথে সম্পৃক্ত?**
ক) মিশরীয়　খ) ব্যাবিলনীয়
গ) পারস্য　ঘ) রোমান

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

মি. রহমান গোপালগঞ্জের জেলা প্রশাসক হিসেবে যোগদান করেন। তিনি মধুমতি নদীতে বাঁধ দিয়ে বন্যা প্রতিরোধ এবং বাঁধ দিয়ে পানি জমিয়ে রাখার ব্যবস্থা করেন।

৬. **উপরোক্ত বাঁধ কোন সভ্যতায় প্রথম ব্যবহৃত হয়?**
ক) সুমেরীয়　খ) অ্যাসিরিয়
গ) মিশরীয়　ঘ) রোমান

৭. **মি. রহমান উক্ত জ্ঞান কাজে লাগিয়ে—**
i. কৃষির উন্নতি সাধন করেন
ii. বিপর্যয় থেকে শহরকে রক্ষা করেন
iii. নৌ যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধন করেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও iii　খ) i ও ii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৮. **মহানবি (সঃ) এর জীবনে রক্তপাতহীন মহাবিজয় কোনটি?**
ক) মক্কা বিজয়　খ) তাবুক অভিযান
গ) বসরা বিজয়　ঘ) সিরিয়া বিজয়

৯. **মহানবি (সঃ) এর নবুওয়াত কাল কত বছর?**
ক) ২৫ বছর　খ) ২৩ বছর
গ) ২১ বছর　ঘ) ১৯ বছর

১০. **মহানবি (সঃ) কত খ্রিষ্টাব্দে ওফাত যান?**
ক) ৬২৭ খ্রিঃ　খ) ৬৩০ খ্রিঃ
গ) ৬৩২ খ্রিঃ　ঘ) ৬৩৪ খ্রিঃ

১১. **কুরাইশ শব্দের অর্থ কী?**
ক) মহান বীর　খ) ধর্মপ্রচারক
গ) রাজনীতিবিদ　ঘ) সওদাগর

**অনুচ্ছেদটি পড় এবং ১২, ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**

"তাঁর জন্মভূমি শহর তাকে অবহেলিত নবী হিসেবে পরিত্যাগ করে, অথচ তাঁর নতুন গ্রহণকারী শহর তাকে সম্মানিত অতিথি হিসেবে বরণ করে নেয়।"

১২. **অনুচ্ছেদে সম্মানিত অতিথি বলতে কাকে বুঝানো হয়েছে?**
ক) হযরত আদম (আঃ)
খ) হযরত মুহাম্মদ (সঃ)
গ) হযরত মূসা (আঃ)
ঘ) হযরত ইব্রাহিম (আঃ)

১৩. **অনুচ্ছেদে কোন ঘটনার ইঙ্গিত দেয়া হয়েছে?**
ক) হিজরত　খ) মদিনা সনদ
গ) বদরের যুদ্ধ　ঘ) হুদায়বিয়ার সন্ধি

১৪. **অনুচ্ছেদের ঘটনাটি ছিল—**
i. ইসলামের জন্য নতুন দিগন্ত
ii. ইসলাম ও মুহাম্মদ (সঃ) এর নতুন মোড়
iii. ইসলামের পূর্ণতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও iii　খ) i ও ii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৫. **আব্দুল মালিক ছিলেন একজন—**
i. সংস্কারক　ii. বিখ্যাত নির্মাতা
iii. বিজয়ী বীর
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

১৬. স্পেনে স্বাধীন উমাইয়া আমিরাত কে প্রতিষ্ঠা করেন?
ⓚ প্রথম আব্দুর রহমান
ⓚ দ্বিতীয় আব্দুর রহমান
ⓚ তৃতীয় আব্দুর রহমান
ⓚ হিশাম

১৭. স্পেনের স্বাধীন উমাইয়া আমিরাতের শ্রেষ্ঠ শাসক কে?
(ক) প্রথম আব্দুর রহমান
(খ) তৃতীয় আব্দুর রহমান
(গ) হাকিম (ঘ) হিশাম

১৮. মহানবি (সঃ) এর মিরাজকে সর্বপ্রথম অকপটে কে বিশ্বাস করেছিলেন?
(ক) হযরত আলী (রাঃ)
(খ) হযরত ওমর (রাঃ)
(গ) হযরত ওসমান (রাঃ)
(ঘ) হযরত আবু বকর (রাঃ)

১৯. হযরত ওমর (রাঃ) তাঁর বিশাল সাম্রাজ্যকে কতটি প্রদেশে ভাগ করেছিলেন?
(ক) ১৪ (খ) ১৬
(গ) ১৮ (ঘ) ২০

২০. ৬৫৬ খ্রিষ্টাব্দে কোন খলিফাকে বিদ্রোহীরা হত্যা করে—
(ক) হযরত আবুবকর (রাঃ)
(খ) হযরত ওমর (রাঃ)
(গ) হযরত ওসমান (রাঃ)
(ঘ) হযরত আলী (রাঃ)

২১. ইসলামের ইতিহাসে প্রথম ভ্রাতৃঘাতী যুদ্ধ কোনটি?
(ক) উষ্ট্রের যুদ্ধ (খ) সিফ্‌ফিনের যুদ্ধ
(গ) সেতুর যুদ্ধ (ঘ) তাবুক অভিযান

২২. কারবালার মর্মান্তিক ঘটনা ঘটে কত খ্রিষ্টাব্দে?
(ক) ৬৭০ খ্রিষ্টাব্দে (খ) ৬৮০ খ্রিষ্টাব্দে
(গ) ৬৮২ খ্রিষ্টাব্দে (ঘ) ৬৯০ খ্রিষ্টাব্দে

২৩. ফাতেমীয় খিলাফত প্রতিষ্ঠিত হয়—
(ক) ৯০৯ খ্রিঃ (খ) ৯১০ খ্রিঃ
(গ) ৯১২ খ্রিঃ (ঘ) ৯১৫ খ্রিঃ

২৪. ফাতেমীয়দের শ্রেষ্ঠ শাসক কে?
(ক) আল হাকিম (খ) আল মুইজ
(গ) আল আজিজ (ঘ) আল মনসুর

২৫. আল হাকিম কর্তৃক দারুল হিকমা প্রতিষ্ঠা করার উদ্দেশ্য—
i. জ্ঞান-বিজ্ঞানের গবেষণায়
ii. শিয়া মতবাদের প্রচার
iii. সুষ্ঠুভাবে শাসনকার্য পরিচালনা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. কর্ডোভাকে ইউরোপের বাতিঘর বলা হয় কেন?
i. ইউরোপ গমনের দিক নির্দেশনা এখানে ছিল বলে
ii. এখানের জ্ঞান-বিজ্ঞান ইউরোপকে আলোকিত করেছিল বলে
iii. শহরটি আলোকসজ্জায় সজ্জিত করা হয়েছিল বলে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

Teachingbd.com

২৭. কত খ্রিষ্টাব্দে আব্বাসীয় খিলাফত প্রতিষ্ঠিত হয়?
(ক) ৬৫০ (খ) ৭৫০
(গ) ৮৫০ (ঘ) ৯৫০

২৮. বাইতুল হিকমা কী?
(ক) গ্রন্থাগার (খ) দুর্গ
(গ) রাজসভা (ঘ) প্রণালী

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:
জনৈক আব্বাসীয় খলিফার স্ত্রী বা সম্রাজ্ঞী একটি শহর তৈরি করেন এবং সেই শহরের নাম দেন X।

২৯. অনুচ্ছেদের আব্বাসীয় খলিফার স্ত্রী বা সম্রাজ্ঞীর নাম কী?
(ক) হেলেন (খ) জুবাইদা
(গ) মমতাজ (ঘ) জাহানারা

৩০. উক্ত সম্রাজ্ঞী ছিলেন—
i. হারুন অর রশিদের পত্নী
ii. আব্বাসীয় খিলাফতের সম্রাজ্ঞী
iii. একজন বীর যোদ্ধা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক |

http://teachingbd.com